



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৬৮/২৭৭৬

তারিখ: ১৫/০৭/২০১৮খ্রিঃ

বিষয়ঃ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

তাগিদ পত্র

সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৬৮/২০৯৩/৫; তারিখ: ০৮/০১/২০১৮খ্রিঃ  
২) নং-বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৬৮/২০০৭/৬; তারিখ: ২৩/০৮/২০১৭খ্রিঃ  
৩) নং-বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৬৮/১৮৬৫/৬; তারিখ: ০৮/০৫/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলাধীন সোনাবাড়িয়া ওমর ইবনে খাতাব (রাঃ) দাখিল মাদ্রাসার সুপার মোঃ রেজাউল করিম সুপার পদের অনুকূলে মার্চ ২০১৭ এর মাসিক বেতন ভাতা পাওয়ার জন্য একখানা আবেদনপত্র বোর্ডে দাখিল করেন। কি কারণে সুপার মোঃ রেজাউল করিম এর বেতন-ভাতা প্রদান করা হচ্ছে না সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা ও সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে সভাপতি ও ভারপ্রাপ্ত সুপারকে পত্র দেয়া হয়।

পত্রের প্রেক্ষিতে যে জবাব দাখিল করা হয়েছে তা পর্যালোচনায় বোর্ড কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হয়নি বিধায় সুপারকে স্বপদে বহাল পূর্বক বেতন-ভাতা প্রদান করার জন্য সূত্রোক্ত ২নং স্মারকে পুনরায় পত্র দেয়া হয়। অপরদিকে জনাব মোঃ রেজাউল করিম কর্তৃক পুনরায় আবেদন করা হয়েছে এই মর্মে যে, বোর্ড হতে আদেশ প্রদান সত্বেও ভারপ্রাপ্ত সুপার ও ম্যানেজিং কমিটি কর্তৃক কোন পদক্ষেপ গ্রহণ করছেন না।

পরবর্তীতে বোর্ডের প্রেরিত পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করা বোর্ডকে অবমাননার সামিল হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১০২২৫/নথি নং- ৬৮; তারিখঃ ২৭/০৭/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না এবং ভারপ্রাপ্ত সুপারের এমপিও বন্ধের জন্য কেন সংশ্লিষ্ট দপ্তরে সুপারিশ করা হবে না তার সন্তোষজনক লিখিত জবাব দাখিল করার জন্য ম্যানেজিং কমিটি ও ভারপ্রাপ্ত সুপারকে সূত্রে উল্লিখিত ১নং স্মারকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি জবাব দাখিল করেছেন। জবাবে তিনি মাদ্রাসার সুপার এর বয়স বিষয়ে গুরুতর কতিপয় অভিযোগ উত্থাপন করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় সভাপতির দাখিলকৃত জবাবের বিষয়ে সমর্থনীয় কাগজপত্রসহ সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা পত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬২২৮৫৮

প্রাপকঃ জনাব মোঃ রেজাউল করিম, সুপার   
সোনাবাড়িয়া ওমর ইবনে খাতাব (রাঃ) দাখিল মাদ্রাসা  
ডাকঘর: সোনাবাড়িয়া, কলারোয়া, সাতক্ষীরা।

নং-বামাশিবো/প্রশাসন/সাতক্ষীরা-৬৮/ ২৭৭৬

তারিখ: ১৫/০৭/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, কলারোয়া, সাতক্ষীরা
২. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলারোয়া, সাতক্ষীরা
৪. সভাপতি/সদস্যবৃন্দ-ম্যানেজিং কমিটি; সোনাবাড়িয়া ওমর ইবনে খাতাব (রাঃ) দাখিল মাদ্রাসা, ডাকঘর: সোনাবাড়িয়া, কলারোয়া, সাতক্ষীরা।
৫. ভারপ্রাপ্ত সুপার, সোনাবাড়িয়া ওমর ইবনে খাতাব (রাঃ) দাখিল মাদ্রাসা, ডাকঘর: সোনাবাড়িয়া, কলারোয়া, সাতক্ষীরা
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪